গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ০৩.১১.২০২৫ খ্রি.

## ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংশোধিত বিজ্ঞপ্তি:

২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ নিয়মিত/অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, " ই-শিক্ষা" এর মাধ্যমে প্রয়োজনীয় ফি প্রদান পূর্বক নিজ নিজ বিভাগে আবেদন ফরম পূরণ কার্যক্রম সংযুক্ত সময়সূচি অনুসারে অনুষ্ঠিত হবে।

### পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:

১। ক) নিয়মিতঃ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২৩ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে, কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২৪ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) ***অনিয়মিতঃ*** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৭-১৮,২০১৮-১৯, ২০১৯-২০, ও ২০২০-২১) ইতোপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০২০,২০২১,২০২২ ও ২০২৩ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) গ্রেড উন্নয়নঃ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (২০১৭-১৮,২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষের) অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এছাড়াও ২০২৩ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী C+ C এবং D গ্রেড প্রাপ্ত হলে সে যে কোন দু'টি কোর্সে ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দু'টি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

ঘ) অনার্স ১ম বর্ষ, ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষের সকল বিষয়ে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষের এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা সর্বসাকুল্যে ৫,০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে না পালে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না।

## ২। আবেদন ফরম পূরণের নিয়মাবলীঃ

- শিক্ষার্থীকে নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://ems.nu.ac.bd/student-login) থেকে আবেদন ফরম ও সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) যথাযথভাবে পূরণ করে তা ডাউনলোড করে যথাস্থানে স্বাক্ষর ও তারিখ দিয়ে স্ব স্ব বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ জমা দিবে।
- আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃক নিশ্চায়নের পূর্বে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম ডাউনলোড করতে হবে।
- আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের স্পষ্ট ফটোকপি এবং নির্ধারিত ফি জমাদানের "ই-শিক্ষার স্লিপ জমা দিতে হবে।
- অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে রেজিস্ট্রেশন কার্ডের সাথে পূর্ববর্তী পরীক্ষার প্রবেশপত্র ও নম্বরপত্রের ফটোকপি ফরমের সাথে সংযুক্ত করে বিভাগে জমা দিতে হবে

বি:দ্র: সর্তকর্তার সাথে বিষয় কোড নির্বাচন করতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

## সেশন ফি ও ফরমপূরণ ফি প্রদান সংক্রান্ত নির্দেশনা

ক) অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু যে সকল নিয়মিত এবং অনিয়মিত শিক্ষার্থী যারা ৩য় বর্ষের কলেজ সেশন ফি ও অভ্যন্তরীণ পরীক্ষার ফি জমা দেয়নি তাদের প্রথমে নিম্নোক্ত ছক অনুযায়ী সেশন ফি এবং অভ্যন্তরীণ পরীক্ষার ফি সোনালী-ই সেবার মাধ্যমে জমা প্রদান করার জন্য নির্দেশ দেওয়া হলোঃ

### ৩য় বর্ষ নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের প্রদেয় ফি (টাকায়):

| অনার্স বিষয় | মোট প্রদেয় ফি: | |
|---|---|---|
| | মুসলিম পরীক্ষার্থী | অন্যান্য ধর্মাবলম্বী পরীক্ষার্থী |
| বাংলা, দর্শন<br>ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস,<br>রাষ্ট্রবিজ্ঞান,সমাজবিজ্ঞান, অর্থনীতি | ৩০৮৫ | ৩০৯০ |
| পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা<br>মনোবিজ্ঞান, গণিত | ৩১২৫ | ৩১৩০ |
| পরিসংখ্যান | ৩০৬৫ | ৩০৭০ |

### *সেশন ফি প্রদানের পদ্ধতি*

শিক্ষার্থীরা https://sbl.com.bd:7070 লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে "Session Fee" বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য (Year-3$^{rd}$, Session/exam-2024, Registration Number) প্রদান করে সেশন ফি পরিশোধ করবে। সেশন ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ (Payment Slip) শিক্ষার্থী সংরক্ষণ করবে। উল্লেখ্য যে, নিয়মিত/অনিয়মিত সকল শিক্ষার্থীকে "সোনালী ই-সেবা (Sonali eSheba) " এর মাধ্যমে অবশ্যই টাকা জমা দিবে এবং ফরম পূরণের সময় পেমেন্ট স্লিপ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

বি. দ্র. সোনালী-ই সেবার মাধ্যমে সেশন ফি প্রদানের স্লিপ ফরম পূরণের সময় জমা দিতে হবে।

## ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের প্রদেয় ফি (টাকায়):

| অনার্স বিষয় | জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি | জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃক নির্ধারিত | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | কেন্দ্র ফি | ব্যবস্থাপনা ফি | ইনকোর্স ও অন্যান্য ফি | ব্যবহারিক কেন্দ্র ফি | *মোট প্রদেয় ফি:* |
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস, দর্শন রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি (নিয়মিত শিক্ষার্থী) | ২৫৫০ | ৪৫০ | ৫০ | ৪০০ | - | ৩৪৫০/- |
| উক্ত বিষয়ের অনিয়মিত শিক্ষার্থী | ৩১৫০ | ৪৫০ | ৫০ | ৪০০ | - | ৪০৫০/- |
| পদার্থবিজ্ঞান, মনোবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান ও গণিত | ২৫৫০ | ৪৫০ | ৫০ | ৪০০ | ১৭৫ | ৩৬২৫/- |
| উক্ত বিষয়ের অনিয়মিত শিক্ষার্থী | ৩১৫০ | ৪৫০ | ৫০ | ৪০০ | ১৭৫ | ৪২২৫/- |
| রসায়ন (নিয়মিত শিক্ষার্থী) | ২৮৫০ | ৪৫০ | ৫০ | ৪০০ | ৩৫০ | ৪১০০/- |
| রসায়ন (অনিয়মিত শিক্ষার্থী) | ৩৪৫০ | ৪৫০ | ৫০ | ৪০০ | ৩৫০ | ৪৭০০/- |
| পরিসংখ্যান (নিয়মিত শিক্ষার্থী) | ৩১৫০ | ৪৫০ | ৫০ | ৪০০ | ৭০০ | ৪৭৫০/- |
| পরিসংখ্যান (অনিয়মিত শিক্ষার্থী) | ৩৭৫০ | ৪৫০ | ৫০ | ৪০০ | ৭০০ | ৫৩৫০/- |

বি.দ্র: যে সকল পরীক্ষার্থী ২০২৩ সালের পরীক্ষার ফরম পূরণ করেনি বা পরীক্ষা দিয়ে অকৃতকার্য হয়েছে তাদের ক্ষেত্রে পুন:ভর্তি সাপেক্ষে ফরম পূরণ করতে হবে।

## ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের প্রদেয় ফি:

| পত্র সংখ্যা | জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি | মোট ফি | C-Promoted হলে |
|---|---|---|---|
| এক পত্র | ৩০০×০১=৩০০+৬০০+৪৫০+৫০ | ১৪০০/- | ২৯০০/- |
| দুই পত্র | ৩০০ × ২=৬০০+৬০০+৪৫০+৫০ | ১৭০০/- | ৩২০০/- |
| তিন পত্র | ৩০০ × ৩=৯০০+৬০০+৪৫০+৫০ | ২০০০/- | ৩৫০০/- |
| চার পত্র | ৩০০ ×৪=১২০০+৬০০+৪৫০+৫০ | ২৩০০/- | ৩৮০০/- |
| পাঁচ পত্র | ৩০০ × ৫=১৫০০+৬০০+৪৫০+৫০ | ২৬০০/- | ৪১০০/- |

নোট: পত্র ফি ৩০০/-, অর্ন্তভুক্তি ফি-৬০০/-, কেন্দ্র ফি-৪৫০/-, ব্যবস্থাপনা ফি-৫০ C-Promoted-১৫০০/-

** C-Promoted শিক্ষার্থী অন্যান্য ফি এর সাথে বিশেষ অর্ন্তভুক্তি ফি ১,৫০০/- জমা দিতে হবে।

** ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (ছয় হাজার) টাকা ফি এর সাথে কলেজ প্রদেয় ফি ৫০০/- সহ মোট ৫,৫০০/- টাকা জমা দিতে হবে।

**কোন পরীক্ষার্থীর অর্ধপত্র থাকলে প্রতি অর্ধপত্রের জন্য ২৫০/- হারে অতিরিক্ত ফি জমা দিতে হবে।

### ফরম পূরণ ফি প্রদানের পদ্ধতি

১। ক) *নিয়মিত/অনিয়মিত (সকল পত্র)* শিক্ষার্থীরা *সরাসরি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত টাকা* **HON'S** *রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে জমা দিয়ে মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ফরমপূরণের ওয়েবসাইট* **http://mccollege.eshiksaems.com -** *এ গিয়ে* **User Name: mcstudent** ও **Password: mcstudent** দিয়ে **Login** *করে* **Pay slip** *প্রিন্ট* করতে হবে।

*খ) অনিয়মিত, মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (এক বা একাধিক কোর্স)* পরীক্ষার্থীরা *মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ফরম পূরণের ওয়েবসাইট* **http://mccollege.eshiksaems.com-** *এ গিয়ে* **User Name: mcstudent** ও **Password: mcstudent** দিয়ে **Login** *করে* **Improvement Form Fillup** *এ ক্লিক করতে হবে। এরপর* **HON'S** *রেজিস্ট্রেশন নম্বর দিয়ে* **View charge and course detail** *ক্লিক করে বিষয় সিলেক্ট করে* **Submit** *করলে টাকার পরিমাণসহ ফরম পূরণের ফরম আসবে।* এরপর শিক্ষার্থীরা *বিকাশ/রকেট-১৮৯২/সোনালী সেবা/* **Cellfin** *-এ নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে* শিক্ষার্থীর *মোবাইল নম্বরে কলেজ রেজিস্ট্রেশনসহ ফরম পূরণের* **SMS** *আসবে। এরপর* **Receipts Print** *অপশনে গিয়ে* **Pay slip** *প্রিন্ট করতে হবে।*

| অনার্স বিষয় (সকল) | পূরণকৃত ফরম জমা দানের তারিখ (সকাল ১০.০০ টা- অপরাহ্ন ২.০০ টা) | পূরণকৃত ফরম বিভাগ নিশ্চায়ন করে বিভাগে সংরক্ষণের তারিখ |
|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন , সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, রসায়নবিদ্যা, পরিসংখ্যান, মনোবিজ্ঞান, গণিত | নিয়মিত/অনিয়মিত ও মানোন্নয়ন (সকল) পরীক্ষার্থী ০৪.১১.২০২৫ হতে ১৫.১১.২০২৫ (সরকারি ছুটির দিন ব্যতিত) | বিবরনী ও অন্যান্য কাগজপত্র ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংরক্ষণ করবেন। |
| পরীক্ষার্থীরা নির্ধারিত সময়ে টাকা জমাদান পূর্বক অনলাইনে ডাউনলোডকৃত ফরম নিজ নিজ বিভাগে যথাসময়ে জমা না দিলে ফরম পূরণে জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ি থাকবে না। | | |

## বিভাগ সমূহের জন্য নির্দেশনা:

- প্রত্যেক বিভাগীয় প্রধানকে কলেজ প্রদেয় সেশন ফি ও ফরম পূরণ ফি আদায়ের পরিমান নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ফরম পূরণকৃত শিক্ষার্থী ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করেছে কিনা তা নিশ্চিত হয়ে ফরম গ্রহণ করবেন।
- বিভাগ সমূহ নির্ধারিত সময়ের মধ্যে ফরম নিশ্চায়নের জন্য অনুরোধ করা হলো।

উপর্যুক্ত নির্দেশাবলী এবং বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক সঠিকভাবে আবেদন ফরম পূরণ কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট

০৩/১১/২০২৫

আহবায়ক
অনার্স ৩য় বর্ষ পরীক্ষা কমিটি-২০২৪
মুরারিচাঁদ কলেজ, সিলেট